# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

**(Residential Autonomous College under University of Calcutta)**

**B.A./B.SC. SECOND SEMESTER EXAMINATION, MAY-JUNE 2013**

**FIRST YEAR**

**BENGALI (General)**

Date : 28/5/2013
Time : 11 am – 2 pm

Paper : II

Full Marks : 75

১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×15]

ক) য়্যারিস্টটলীয় ট্রাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো। একটি বাংলা ট্রাজেডি সম্পর্কে আলোচনা করো।

খ) প্রহসন কোন ধরনের সাহিত্যিক সংরূপ, বাংলা নাটকে এর উদাহরণ দাও।

২। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×15]

ক) বাংলা ভাষা ও সাহিত্যের ক্রম বিকাশে 'বঙ্গদর্শন' পত্রিকার ভূমিকা আলোচনা করো।

খ) যে কোন **দুটি** সাময়িক পত্র সম্পর্কে আলোচনা করো ঃ [7½+7½]

তত্ত্ববোধিনী পত্রিকা, সমাচার দর্পন, সম্বাদ কৌমুদী, সংবাদ প্রভাকর

৩। যে কোন **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ [2×5]

ক) অনুপ্রাস কাকে বলে? যে কোনও দুটি বিভাগ সম্পর্কে আলোচনা করো।

খ) উদাহরণ সহ সংজ্ঞা দাও ঃ শ্লেষ

গ) উদাহরণ সহ সংজ্ঞা দাও ঃ উৎপ্রেক্ষা

ঘ) যে কোনও দুটি বিভাগ সহ উদাহরণ সহ সংজ্ঞা দাও ঃ রূপক

৪। ব্যাখ্যা সহ অলঙ্কার নির্ণয় করো ঃ (যে কোনও **দুটি**) [2×5]

ক) রজনীগন্ধা বাস বিলালো,
সজনীসন্ধ্যা আসবি না লো? --যতীন্দ্রমোহন

খ) প্রশ্ন - বিপ্র হয়ে সুরাসক্ত কেন মহাশয়?
উত্তর - সুরে না সেবিলে বল কেবা মুক্ত হয়?

গ) ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়
পূর্ণিমা চাঁদ যেন ঝলসানো রুটি

ঘ) মেহগনির মঞ্চ জুড়ি
পঞ্চ হাজার গ্রন্থ;
সোনার জলে দাগ পড়ে না,
খোলে না কেউ পাতা,
অস্বাদিত মধু যেমন
যূথী অনাঘ্রাতা --- রবীন্দ্রনাথ

৫। যে কোন **একটি** ভাবসম্প্রসারন করো ঃ [10]

ক) "প্রাচীরের ছিদ্রে এক নাম গোত্রহীন
ফুটিয়াছে ছোট ফুল অতিশয় দীন
ধিক্ ধিক্ করে তারে কাননে সবাই
সূর্য উঠি বলে তারে, ভাল আছ ভাই?"

খ) রথযাত্রা লোকারণ্য, মহা ধূমধাম
ভক্তেরা লুটায়ে পথে করিছে প্রণাম।
পথ ভাবে 'আমি দেব' রথ ভাবে 'আমি'
মূর্তি ভাবে 'আমি দেব' হাসে অন্তর্যামী।"

৬। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দাও ঃ [1×15]

ক) ''দাঁড়াইয়া নন্দের আগে গোপাল কান্দে অনুরাগে
বুক বাহিয়া পড়ে ধারা।''
--কবি কে? কোন পর্যায়ের পদ? গোপালের কাঁদার কারণ ব্যাখ্যা করো।

খ) ''কন্টক গাড়ি কমলসম পদতল
মঞ্জীর চীরহি ঝাঁপি।''
কোন পর্যায়ের পদ? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? এই পদ অবলম্বনে নির্ধারিত পর্যায়ের আলোচনা করো।